

বেসরকারি শিক্ষকদের আন্দোলন কর্মসূচি ঘোষণা

মহানদি রিপোর্ট

বেসরকারি স্কুল, কলেজ ও মহাপ্রসার
শিক্ষক কর্মচারীদের চাকরি জাতীয়করণের
দাবিতে আন্দোলনের কর্মসূচি ঘোষণা
করেছে শিক্ষক কর্মচারী ঐক্যজোট।
সংগঠনটি ৫ আগস্ট ইফতার মহামিলা ও
অলোচনা সভা, ইদের পর দাবির সমর্থনে
মাসেদ সদস্যদের সঙ্গে জনসংযোগ, ২৩
আগস্ট জাতীয় শ্রমসম্মেলনের সমানে
মানববন্ধন, ৫ অক্টোবর বিশ্ব শিক্ষক দিবস
উপলক্ষে ঢাকার শিক্ষক সমাবেশের
ঘোষণা দিয়েছে।

সেমবর সংগঠনের চেয়ারম্যান অধ্যক্ষ
নূর আকরোজ বেগম জ্যোতির
সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় এ ঘোষণা
দেয় হয়। মহাসচিব মুহম্মদ জাহাঙ্গীর
খানের সভাপনত্বে সভায় অন্যদের মধ্যে
বক্তব্য রাখেন জোট নেতা অধ্যক্ষ মোহাম্মদ
ইউনুছ মেহরা, অধ্যক্ষ মো. তোফাজ্জল
হোসেন আশরাফ, মো. জাহাঙ্গীর আলম,
মো. আব্দুর রহিম সরকার, মোস্তফা
কামাল, নূরুল ইসলাম সিদ্দিক, মো. জাহাঙ্গীর
হোসেন, মো. একরমুল হক প্রমুখ।
বক্তারা জুন মাসের বেতন বা ছুড়ায় শিক্ষা
মন্ত্রণালয়ের উঁচু সমালোচনা করে ইদের
আগে পূর্ণাঙ্গ উৎসবভাঙা এবং জুলাই
মাসের বেতন প্রদানের দাবি জানিয়েছে।